[redacted]

[redacted] (a) [redacted] [redacted] [redacted]

তিনি আরও বলেন, দশ কেজি চালের জন্য কাউকে আর ব্যাগ হাতে লাইনে দাঁড়াতে হবে না। আমাদের সরকার নিজেই মানুষের দোরগোড়ায় সহায়তা পৌঁছে দেবে।

এ সময় আরও উপস্থিত ছিলেন পৌর বিএনপির সাবেক সহ-সভাপতি এম. এ. বারি ফারুক, জেলা মহিলা দলের সিনিয়র সহ-সভাপতি বেদানা আক্তার পলি, সাংগঠনিক সম্পাদক ফাহিমা খাতুন, নেত্রী ফিরোজা আক্তার পপি, বিউটি, রঞ্জনা, মল্লি, কল্পনা, শেফালী, তানিয়া, লিনা, মারিয়া প্রমুখ।

উঠান বৈঠকে নেত্রীরা বিএনপির কর্মসূচি ও ভবিষ্যৎ পরিকল্পনা তুলে ধরেন এবং তৃণমূল নারীদের সঙ্গে মতবিনিময় করেন।

মুজিবনগরে বেগম খালেদা জিয়ার রোগ মুক্তি কামনায় দোয়া মাহফিল

মেহেরপুরের মুজিবনগর উপজেলার দারিয়াপুরে সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি’র চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার রোগ মুক্তি ও সুস্থতা কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকেলে মুজিবনগর উপজেলা যুবদলের আহ্বায়ক আবুল হাসানের আয়োজনে, দারিয়াপুর ইউনিয়ন বিএনপ’র উদ্যোগে এই দোয়া মাহফিলের আয়োজন করা হয়। দোয়া মাহফিলে দেশনেত্রীর বেগম খালেদা জিয়ার দ্রুত সুস্থতা ও দীর্ঘায়ু কামনা করে মোনাজাত করা হয়।

এ সময় উপস্হিত ছিলেন, মেহেরপুর জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাবেদ সেনজির। এছাড়া ইউনিয়ন ও ওয়ার্ড বিএনপি’র সিনিয়র নেতৃবৃন্দ সহ বিএনপি’র নেতাকর্মীসহ ছাত্রদল, যুবদল ও স্বেচ্ছাসেবক দলের নেতাকর্মী দোয়া মাহফিলে অংশ নেন।

সাফল্য এবং ব্যর্থতা দুটিই জীবনের লক্ষ্য অর্জনের মাপকাঠি নয়

প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (ঐকমত্য) ও সাংবাদিক মনির হায়দার বলেন, সাফল্য এবং ব্যর্থতা এ দু’টিই জীবনের লক্ষ্য অর্জনের মাপকাঠি নয়। অবশ্যই সফল হতে হবে তোমরা পড়তে এসেছ, বড় কিছু হবে, সরকারি চাকরি করবে, বড় জায়গায় যাবে, বড় ব্যবসায়ী হবে কিংবা বড় নেতা হবে এই লক্ষ্য তো থাকতেই হবে। কিন্তু এটাই জীবনের চূড়ান্ত লক্ষ্য নয়।

জীবনের চূড়ান্ত লক্ষ্য তাহলে কী? জীবনের চূড়ান্ত লক্ষ্য হলো সার্থকতা। সাফল্যের পাশাপাশি জীবনটাকে সার্থক হতে হবে, জন্মকে সার্থক করতে হবে। আর সার্থকতার অর্থ কবি কামিনী রায়ের দুই লাইনে “সকলের তরে সকলে মোরা, প্রত্যেকে মোরে পরের তরে।” তোমার জীবন যদি শুধু তোমার জন্যই হয়, তবে সে জীবন সার্থক নয়।

গতকাল বৃহস্পতিবার রঙিন সাজ, আনন্দ উল্লাস আর মধুর আবহে অনুষ্ঠিত ঐতিহ্যবাহী মেহেরপুর সরকারি কলেজের ২০২৫-২৬ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির নবীনবরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান অতিথি বক্তব্য এসকল কথা বলেন তিনি।

নবীন শিক্ষার্থীদের উদ্দেশে মনির হায়দার বলেন, নতুন পথচলা শুধু বইয়ের জ্ঞান নয়, মানুষের মতো মানুষ হয়ে ওঠারও পথ দেখায় কলেজ জীবন। স্বপ্ন বড় হবে, পথ চলা হোক আলোকিত। আমরা সকলেই সফল হতে চাই, তোমরাও সফল হওয়ার জন্যই এই লেখাপড়ার পথ বেছে নিয়েছ এবং এই উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে পড়তে এসেছ। তোমরা তো জীবন মাত্র শুরু করেছ লেখাপড়া করবে, পেশাগত জীবনে ঢুকবে, অনেক কষ্ট করে অনেক কিছু অর্জন করবে, সফল হবে তারপর একদিন জীবনের শেষ প্রান্তে পৌঁছে যাবে।

কলেজের অধ্যক্ষ প্রফেসর এ কে এম নজরুল কবীরের সভাপতিত্বে আলোচনা সভায় বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম,

অতিরিক্ত পুলিশ সুপার আতিকুল ইসলাম, মেহেরপুর সরকারি কলেজের শিক্ষক পরিষদের সম্পাদক খেজমত আলী মালিথ্যা।

অতিথিরা নতুন শিক্ষার্থীদের স্বাগত জানিয়ে শিক্ষার মানোন্নয়ন, শৃঙ্খলা ও মানবিক মূল্যবোধে বড় হয়ে ওঠার আহ্বান জানান। এছাড়া কো-কারিকোলাম অ্যাক্টিভিটিস, সামাজিক কার্যক্রমসহ মানবিক মূল্যবোধ সৃষ্টির মধ্য দিয়ে কলেজকে বিশ্বের বুকে তুলে ধরার পাশাপাশি একটি মানবিক সমাজ গঠন করার আহ্বান জানান।

নবীনদের পক্ষ থেকে বক্তব্য দেন একাদশ শ্রেণির মানবিক বিভাগের ছাত্র বিধান শেখ এবং দ্বাদশ শ্রেণির ছাত্র উলফাতুন নেছা পূর্ণিমা।

অনুষ্ঠানের সবচেয়ে আকর্ষণীয় মুহূর্ত ছিল ফুল ছিটিয়ে নবীনদের বরণ করে নেওয়া। প্রবীণ শিক্ষার্থীরা হাতে রঙিন পাপড়ি ছিটিয়ে নবীনদের স্বাগত জানালে ক্যাম্পাসজুড়ে তৈরি হয় উৎসবমুখর এক আবহ।

পরে মনোমুগ্ধকর সাংস্কৃতিক অনুষ্ঠানে গান, নৃত্য, কবিতা আর নাট্য পরিবেশনায় মাতিয়ে রাখেন কলেজের শিক্ষার্থীরা।

মেহেরপুর নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের পিপি হলেন মোস্তাফিজুর রহমান তুহিন

মেহেরপুর জেলা নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের নতুন পাবলিক প্রসিকিউটর (পিপি) হিসেবে নিয়োগ পেয়েছেন অ্যাডভোকেট মোস্তাফিজুর রহমান তুহিন। গতকাল বৃহস্পতিবার আইন মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (জিপি ও পিপি) মো. মাহরুফ আহম্মেদ স্বাক্ষরিত এক অফিস আদেশে তার নিয়োগের বিষয়টি নিশ্চিত করা হয়।

আদেশে বলা হয়েছে, কোড অফ ক্রিমিনাল প্রসিডিওর, ১৮৯৮-এর সেকশন ৪৯২ এবং ১৯৬০ সালের চ্যাপ্টার-২-এর প্যারাগ্রাফ-৬-এর রুল-৭ অনুযায়ী অ্যাডভোকেট মোস্তাফিজুর রহমান তুহিনকে মেহেরপুর জেলা

নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের পাবলিক প্রসিকিউটর হিসেবে নিয়োগ দেওয়া হলো।

তাকে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত এই দায়িত্ব পালন করতে হবে বলে নির্দেশে উল্লেখ করা হয়েছে। নিয়োগাদেশ জারির পর থেকেই এ নিয়োগ কার্যকর হবে।

মুজিবনগরের দারিয়াপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের পদ শূন্য ঘোষণা

মেহেরপুরের মুজিবনগর উপজেলার ০১ নম্বর দারিয়াপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এ এস এম মাহবুব আলম দায়িত্ব থেকে অব্যাহতি চেয়ে পদত্যাগপত্র জমা দিয়েছেন। তিনি গত মঙ্গলবার উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে স্ব-ব্যাখ্যাত পদত্যাগপত্র দাখিল করেন।

উপজেলা নির্বাহী কর্মকর্তা পলাশ মণ্ডল স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন–২০০৯-এর ৩২(২) ধারা অনুযায়ী পদত্যাগপত্রটি গ্রহণ করেন। একই আইনের ৩৫(১)(৬) ধারা অনুসারে চেয়ারম্যানের পদটি শূন্য হয়েছে।

পরবর্তীতে আইনগত ক্ষমতাবলে ৩৫(২)(১) ধারা অনুযায়ী ২৫ নভেম্বর ২০২৫ তারিখ থেকে দারিয়াপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদটি আনুষ্ঠানিকভাবে শূন্য ঘোষণা করা হয়েছে।

মেহেরপুর-১ আসনে বিএনপির মনোনয়ন পুনর্বিবেচনার দাবিতে বিক্ষোভ মিছিল

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির মেহেরপুর-১ আসনের দলীয় মনোনয়ন পুনর্বিবেচনার দাবিতে বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার রাতে মেহেরপুর জেলা বিএনপির কার্যালয় থেকে একটি বিক্ষোভ মিছিল বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। পরে মিছিলটি পুনরায় জেলা বিএনপি কার্যালয়ের সামনে গিয়ে শেষ হয়।

বিক্ষোভ মিছিলে নেতৃত্ব দেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান।

এ সময় আরও উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি মীর গোলাম ফারুক, সাবেক আইনবিষয়ক সম্পাদক আবু সালেহ মোহাম্মদ নাসিম, পৌর বিএনপির সভাপতি আব্দুল লতিফ, সাধারণ সম্পাদক এহান উদ্দিন মনা, জেলা যুবদলের সহ-সভাপতি মোশারফ হোসেন তপুসহ জেলা ও উপজেলা পর্যায়ের শীর্ষ নেতৃবৃন্দ।

বিক্ষোভ মিছিলে অংশ নেওয়া নেতাকর্মীরা মেহেরপুর-১ আসনের মনোনয়ন পুনর্বিবেচনার দাবি জানিয়ে স্লোগান দিতে থাকেন।

মেহেরপুরে জামাতে নামাজ

ক্যাম্পেইনের উদ্বোধন

মেহেরপুরের ঘোষপাড়া সালাত কায়েম পরিষদের উদ্যোগে মাদকমুক্ত সমাজ গড়ার লক্ষ্যে ৪০ দিনের জামাতের সঙ্গে নামাজ পড়ার ক্যাম্পেইনের শুভ উদ্বোধন করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার রাতে ঘোষপাড়া জামে মসজিদ প্রাঙ্গণে দোয়া ও মোনাজাতের মধ্য দিয়ে এ কর্মসূচির আনুষ্ঠানিক সূচনা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌরসভার সাবেক কাউন্সিলর মীর জাহাঙ্গীর আলম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঘোষপাড়া জামে মসজিদের সাধারণ সম্পাদক আসাদুল হক।

এ সময় আরও উপস্থিত ছিলেন ঘোষপাড়া সালাত কায়েম পরিষদের সাবেক সভাপতি শিপন বিশ্বাস, বর্তমান সভাপতি জান্নাত মীর, সেক্রেটারি আরিস বিশ্বাস, ক্যাশিয়ার সোহানুর রহমান সোহান, ধর্ম বিষয়ক সম্পাদক শাফিনুর রহমানসহ পরিষদের অন্যান্য সদস্য ও স্থানীয় মুসল্লিরা।

কর্মসূচির অংশ হিসেবে ঘোষণা করা হয়, নয় বছর থেকে আঠারো বছর বয়সী যে সকল কিশোর জামাতের সাথে পরপর ৪০ দিন পাঁচ ওয়াক্ত নামাজ আদায় করতে পারবে, তাদেরকে সাইকেল উপহার দেওয়া হবে।

আয়োজকরা জানান, তরুণ প্রজন্মকে মাদক ও অসামাজিক কার্যকলাপ থেকে দূরে রেখে নামাজের প্রতি আকৃষ্ট করাই এ ক্যাম্পেইনের মূল লক্ষ্য। নামাজের মাধ্যমে চরিত্র গঠন ও নৈতিকতা বৃদ্ধি পেলে সমাজ থেকে মাদকসহ নানা অপরাধ কমে আসবে বলে তারা আশা প্রকাশ করেন।

অনুষ্ঠান শেষে দেশ, জাতি, মুসলিম উম্মাহ ও মাদকমুক্ত সুন্দর সমাজ গঠনের উদ্দেশ্যে বিশেষ মোনাজাত করা হয়।

গাংনীতে মনোনয়ন পুনর্বিবেচনার

দাবিতে বিএনপির বিক্ষোভ মিছিল

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে মনোনয়ন পুনর্বিবেচনার দাবিতে মেহেরপুরের গাংনীতে বিক্ষোভ মিছিল করেছে বিএনপি। বৃহস্পতিবার বিকেলে গাংনী উপজেলা ও পৌর বিএনপির উদ্যোগে এ বিক্ষোভ মিছিল বের হয়।

গাংনী উপজেলা বিএনপির কার্যালয়ের সামনে থেকে মিছিলটি শুরু হয়ে উপজেলা শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে পুনরায় একই স্থানে গিয়ে শেষ হয়।

বিক্ষোভ মিছিলে নেতৃত্ব দেন গাংনী উপজেলা বিএনপির সভাপতি আলফাজ উদ্দীন কালু, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আখেরুজ্জামান, জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাওছার আলী, পৌর বিএনপির সভাপতি মকবুল হোসেন মেঘলা ও সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম।

এ সময় আরও উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির নেত্রী ফরিদা পারভীন, বামন্দী ইউনিয়ন বিএনপির সভাপতি রাশিদুল ইসলাম সোহাগ, মটমুড়া ইউনিয়ন বিএনপির সভাপতি হামিদুল হক, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক সুমন এডাম, ইমন হোসেন, জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক সাজেদুল ইসলাম বিপ্লব, গাংনী উপজেলা ছাত্রদলের সভাপতি রিপন হোসেনসহ উপজেলা ও ইউনিয়ন বিএনপির বিভিন্ন স্তরের নেতাকর্মীরা।

বক্তারা অভিযোগ করেন, জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টনকে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে মনোনয়ন না দেওয়ার পর থেকেই গাংনীসহ জেলায় দলের নেতাকর্মীদের মধ্যে ক্ষোভ বিরাজ করছে। তার প্রতি দলের নেতা-কর্মীদের আস্থা ও গ্রহণযোগ্যতা থাকা সত্ত্বেও মনোনয়ন না দেওয়া অন্যায় হয়েছে বলে দাবি করেন তারা।

জাভেদ মাসুদ মিল্টনকে মনোনয়ন দেওয়ার দাবিতে শান্তিপূর্ণভাবে কর্মসূচি চলবে বলে জানান নেতারা। তারা বলেন, দলের চূড়ান্ত মনোনয়নে জাভেদ মাসুদ মিল্টনের নাম অন্তর্ভুক্ত না করা হলে আন্দোলন আরও বেগবান করা হবে।

মুজিবনগরে গুড নেইবারস এর শিশু অধিকার বিষয়ক প্রচারাভিযান

“শিশু অধিকার জানি, অন্যকে জানাই” এই প্রতিপাদ্যে শিশু অধিকার রক্ষায় গুড নেইবারস বাংলাদেশ, মেহেরপুর সিডিপির বিশেষ প্রচারাভিযান অনুষ্ঠিত হয়েছে এবং দুই শিশুকে চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।

বৃহস্পতিবার দুপুরে গুড নেইবারস বাংলাদেশ, মেহেরপুর সিডিপির উদ্যোগে এই বিশেষ প্রচারাভিযান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের মূল লক্ষ্য ছিল শিশুদের অধিকার সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা এবং ঝুঁকিপূর্ণ ও সুবিধাবঞ্চিত শিশুদের পাশে দাঁড়ানো।

এই প্রচারাভিযানের মাধ্যমে স্থানীয় তরুণ-তরুণীরা কমিউনিটির মানুষের মাঝে শিশু অধিকার বিষয়ে সচেতনতা তৈরিতে ভূমিকা রাখে এবং সম্মিলিত উদ্যোগে দুই শিশুকে আর্থিক সহায়তা প্রদান করে। এদের মধ্যে একজন জটিল কানের পলিপেক্টরি (আরটি) এবং কানের সংক্রমণে ভুগছে, অন্যজন ফিমারের উভয় মাথার ফ্র্যাকচার ও হিপ জয়েন্টের শক্ততায় আক্রান্ত। সহায়তা প্রদানের মাধ্যমে তাদের চিকিৎসা ও অধিকার রক্ষায় সরাসরি অবদান রাখা হয়।

অনুষ্ঠানে শিশু অধিকার, শিক্ষা, স্বাস্থ্য, বাল্যবিবাহ প্রতিরোধ, শিশুশ্রমের নেতিবাচক প্রভাবসহ বিভিন্ন বিষয়ে সচেতনতা তৈরিতে স্বেচ্ছাসেবকদের অংশগ্রহণে নাটিকা ও সাংস্কৃতিক পরিবেশনা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রায় ১৫০ জন অংশগ্রহণকারী উপস্থিত ছিলেন।
গুড নেইবারস বাংলাদেশ, মেহেরপুর সিডিপির ম্যানেজার বিপুল রেমার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসার পলাশ মণ্ডল।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মিজানুর রহমান, বিদ্যুৎ বিহারী নাথ, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মেহেরপুর, উপজেলা সমাজসেবা কর্মকর্তা মাহমুদুল হাসান, উপজেলা সমবায় কর্মকর্তা মাহবুবুল হক, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মামুন উদ্দিন আল আজাদ, সিডিসি সভাপতি জহিরুল ইসলাম।

এছাড়াও গুড নেইবারস বাংলাদেশ হেড অফিস থেকে উপস্থিত ছিলেন মি. তুষার লিও ত্রুজ (টিম ম্যানেজার, গ্রান্ট রাইটিং টিম)।

গুড নেইবারস বাংলাদেশ, মেহেরপুর সিডিপির ম্যানেজার বিপুল রেমা বলেন, গুড নেইবারস বাংলাদেশ বিশ্বাস করে স্থানীয় উদ্যোগ ও তরুণদের সক্রিয় অংশগ্রহণই শিশু অধিকার সুরক্ষায় টেকসই পরিবর্তন আনতে পারে।

উল্লেখ্য, গুড নেইবারস বাংলাদেশ ১৯৯৬ সাল থেকে শিশু অধিকার সুরক্ষা, শিশু উন্নয়ন, নারীর ক্ষমতায়ন ও যুব উন্নয়নের লক্ষ্যে কাজ করছে। বর্তমানে প্রতিষ্ঠানটি ১৩টি জেলায় ১৭টি প্রকল্প পরিচালনার মাধ্যমে কমিউনিটির উন্নয়নে বিশেষ ভূমিকা রাখছে।